


## মোবাইল ব্যাংকিংয়ে দৈনিক লেনদেন ১৮৫ কোটি টাকা

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ মোবাইল ব্যাংকিংয়ের প্রতি গ্রাহকদের আগ্রহ দিন দিন বাড়ছে। আর্থিক লেনদেনের জন্য অনেকেই এ সেবাকে বেছে নিচ্ছেন। এতে দৈনিক লেনদেনের পরিমাণও বাড়ছে। নভেম্বর মাসে দৈনিক গড়ে ১৮৫ কোটি টাকা লেনদেন হয়েছে। অক্টোবরে লেনদেনের পরিমাণ ছিল ১৭০ কোটি টাকা। সাম্প্রতিক সময়ে জনপ্রিয় হয়ে ওঠা মোবাইল ব্যাংকিংয়ে নভেম্বর শেষে মোট গ্রাহক দাঁড়িয়েছে ১ কোটি ১৫ লাখ ৪৫ হাজার। অক্টোবরে ১ কোটির মাইলফলক ছাড়িয়ে যায়। এর আগে এপ্রিল শেষে গ্রাহক ছিল ৫০ লাখ। গ্রাহকের বিপরীতে এজেন্টের সংখ্যাও বাড়ছে। নভেম্বরে নিবন্ধিত এজেন্টের সংখ্যা বেড়ে ১ লাখ ৭২ হাজারে দাঁড়িয়েছে। সব ধরনের মানুষের কাছে সেবাটি সহজ হওয়ায় দ্রুত গ্রাহকের সংখ্যা বাড়ছে।



মোবাইল ব্যাংকিং লেনদেনের বেশিরভাগই ক্যাশ ইন তথা অন্যের অ্যাকাউন্ট থেকে আরেক অ্যাকাউন্টে টাকা জমা বা উত্তোলন করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হিসাব অনুযায়ী, নভেম্বরে মোট লেনদেনের মধ্যে ক্যাশ ইন হয়েছে ২ হাজার ৩৩৪ কোটি টাকা। শুরুর পর থেকে মোবাইল ব্যবহার করে ইউটিলিটি বিল পরিশোধের হার বেড়েছে ৫২ দশমিক ৩৮ শতাংশ এবং ব্যক্তি থেকে ব্যক্তি পর্যায়ে লেনদেন বেড়েছে ২১ দশমিক শূন্য ৪ শতাংশ। ২০১০ সালে মোবাইল ব্যাংকিং চালু করে বাংলাদেশ ব্যাংক। তবে এখন আর তা শুধু এ সেবার মধ্যে সীমাবদ্ধ নেই। এর মাধ্যমে অর্থ পাঠানো, জমা ও উত্তোলন, বেতন-ভাতা পরিশোধ, ইউটিলিটি বিল পরিশোধ, ব্যবসায়িক পরিশোধসহ অনেক ধরনের আর্থিক সেবা পরিচালিত হচ্ছে ◆

## শিক্ষার্থীদের নোটবুক দেবে সরকার




আগামীতে শিক্ষার্থীদের সবার হাতে নোটবুক দেবে সরকার। ফলে তারা ইন্টারনেট থেকে সহজেই ডিজিটাল বই নামিয়ে নিতে পারবে। সম্প্রতি গণভবনে বিভিন্ন পর্যায়ের কয়েকজন শিক্ষার্থীর হাতে নতুন পাঠ্যবই তুলে দেয়ার সময় এসব কথা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বই উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরও বলেন, আগামীতে ছোট নোটবুক দিয়ে দেব, যেন তাতে সবই থাকে। ভবিষ্যতে ডিজিটাল বই দেয়া হবে। প্রত্যন্ত এলাকায় আর বই পাঠানোর দরকার হবে না। সব বই ইন্টারনেট থেকে ডাউনলোড করে নেবে। তিনি আরও জানান, ৩ কোটি ৮৬ লাখ মানুষ এখন ইন্টারনেট ব্যবহার করে। দেশের তরুণরা যাতে আউটসোর্সিংয়ে আরও দক্ষ হয়ে উঠতে পারে, সে বিষয়ে পরিকল্পনা রয়েছে ◆

## চার মাসে সফটওয়্যার থেকে আয় ৩ কোটি ৬৭ লাখ ডলার

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ চলতি অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) সফটওয়্যার রফতানি থেকে আয় হয়েছে ৩ কোটি ৬৭ লাখ মার্কিন ডলার। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) মাসওয়ারী রফতানি আয়ের সর্বশেষ হিসাব থেকে এ তথ্য জানা গেছে। সরকারি সংস্থাটি সম্প্রতি অন্যসব খাতের নভেম্বর পর্যন্ত রফতানির তথ্য প্রকাশ করলেও সফটওয়্যার রফতানির তথ্যের ক্ষেত্রে এক মাস পিছিয়ে রয়েছে। অক্টোবর পর্যন্ত চার মাসে সফটওয়্যার থেকে আয় বাড়লেও লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এ সময়ে ৪ কোটি ৮৩ লাখ ডলারের লক্ষ্যমাত্রার চেয়ে আয় কম হয়েছে ১ কোটি ডলারের বেশি। চলতি ২০১৩-১৪ অর্থবছরের মোট আয়ের লক্ষ্য ধরা হয়েছে ১৫ কোটি ৪৪ লাখ ৫০ হাজার ডলার। গত ২০১২-১৩ অর্থবছর শেষে আয় দাঁড়িয়েছিল ১০ কোটি ১৬ লাখ ডলার। ওই বছর লক্ষ্যমাত্রা ছিল সাড়ে ৮ কোটি ডলার। সরকার ও সফটওয়্যার উদ্যোক্তাদের সংগঠন বেসিস এ খাত থেকে আয় বাড়ানোর কথা বলছে। এজন্য বিভিন্ন উদ্যোগও নেয়ার কথা জানিয়েছে তারা। বেসিসের লক্ষ্য ২০১৮ সালের মধ্যে সফটওয়্যার খাত থেকে ১ বিলিয়ন ডলার আয় করা ◆

## পাঁচ হাজারে বিক্রি হচ্ছে দোয়েল ল্যাপটপ

সরকারি ল্যাপটপ নামে খ্যাত দোয়েল ল্যাপটপ এখন অর্ধেক দামে পাওয়া যাচ্ছে। দোয়েল ব্র্যান্ডের প্রাইমারি-২১০২ মডেলের নোটবুকটি পাওয়া যাচ্ছে মাত্র পাঁচ হাজার টাকায়। এটি ১০ ইঞ্চির ডিসপ্লে, ৫১২ মেগাবাইট র‍্যাম, ৩২ জিবি এসডিডি সমৃদ্ধ।



গুলিস্তানের বিটিসিএল ওয়ান পয়েন্ট সার্ভিস সেন্টার, গাজীপুরের টেলিফোন শিল্প সংস্থার (টেশিস) বিপণন কেন্দ্র ও খুলনার বিসিএল ওয়ান পয়েন্ট থেকে বিক্রি করা হচ্ছে সাশ্রয়ী মূল্যের এ নোটবুক। এসব বিক্রয় কেন্দ্র থেকে দোয়েলের সবচেয়ে কমদামে ১০ হাজার ৫০০ টাকার নোটবুক বিক্রি হচ্ছে ৫ হাজার টাকায়। ৩২০ জিবি ধারণক্ষমতার বেসিক ০৭০৩পি বিক্রি করা হচ্ছে ১৩ হাজার ৩০০ টাকায়। এর আগের দাম ছিল ১৫ হাজার ৫০০ টাকা। এছাড়া একই মডেলের ২৫০ জিবি হার্ডডিস্কের নোটবুক বিক্রি করা হচ্ছে ১৩ হাজার টাকায়। আগের দাম ২০ হাজার ৩০০ টাকার স্ট্যান্ডার্ড ২৬০৩ মডেলের নোটবুক ১৪ হাজার টাকা, অ্যাডভান্স ১৬১২ মডেল ২০ হাজার টাকা ও ১৬১২ই মডেল বিক্রি করা হচ্ছে ২১ হাজার টাকায়। দোয়েল ল্যাপটপের নিজস্ব ওয়েবসাইটেও ল্যাপটপগুলোর নতুন দাম ঘোষণা করা হয়েছে। শিগগিরই অন্যান্য বিভাগীয় শহরে দোয়েল ল্যাপটপ পাওয়া যাবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে ◆



## বুয়েটে ক্যাম্পাসজুড়ে ওয়াই-ফাই সুবিধা

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ পুরো ক্যাম্পাস ওয়াই-ফাই ইন্টারনেটের আওতায় আনছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। বেস টেকনোলজিসের সহযোগিতায় এ সেবা দেবে ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি)। জানুয়ারি মাসেই আনুষ্ঠানিক ওয়াই-ফাই ইন্টারনেটের যাত্রা শুরু হবে ও ফেব্রুয়ারি মাস থেকেই নিবন্ধিত শিক্ষার্থীরা ন্যূনতম ৫১২ কেবিপিএস গতিতে ইন্টারনেট ব্যবহার করতে পারবেন। টেলিকম সেবাদাতা প্রতিষ্ঠান বেস টেকনোলজিস ৩২টি এপির মাধ্যমে তারবিহীন ইন্টারনেট সেবা বুয়েটের প্রশাসনিক ভবন, ক্যাফেটেরিয়া, গ্রন্থাগার, শিক্ষার্থীদের হল, শিক্ষকদের আবাসিক ভবনসহ ক্যাম্পাসজুড়ে পৌঁছে দিতে ইতোমধ্যে কাজ শুরু করে দিয়েছে।



ওয়াই-ফাই কাভারেজের জন্য বিশ্বখ্যাত আরুবা নেটওয়ার্ক ও সুইচের জন্য ইডিজিই-পিওই ব্যবহার করা হবে। এরপর ইন্টারনেট সেবা পরীক্ষা-নিরীক্ষা ও কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের পর জানুয়ারি মাসে আংশিকভাবে যাত্রা শুরু হবে। ফেব্রুয়ারি মাসের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ওয়াই-ফাই ইন্টারনেট সেবা ব্যবহার করতে পারবেন ◆

## রাজনৈতিক অস্থিরতায় প্রযুক্তিপণ্যের দাম বাড়ছে

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ রাজনৈতিক অস্থিরতার সুযোগে প্রযুক্তিপণ্যের বাড়তি দাম নিচ্ছেন বিক্রেতারা। সরবরাহের সাথে চাহিদার ঘাটতি থাকায় পণ্যের দামও দফায় দফায় ওঠানামা করছে। মার্কেট ও দোকানভেদে পণ্য অনুযায়ী ১০০ থেকে ১০০০ টাকা পর্যন্ত দাম ওঠানামা করছে। সম্প্রতি প্রযুক্তিবাজার ঘুরে দেখা গেছে, অবরোধের মধ্যে মার্কেট খোলা রাখলেও ক্রেতার অপেক্ষায় সময় কাটাতে হচ্ছে রাজধানীর প্রযুক্তিপণ্যের মার্কেটগুলোর বিক্রেতাদের। বেচাকেনা তেমন নেই। তবে জরুরি প্রয়োজনে এর মধ্যেও অনেকে মার্কেটে আসছেন। তবে পছন্দের পণ্য কিনতে গুনতে হচ্ছে বাড়তি দাম। এ সময়ে মনিটর, হার্ডডিস্ক, মাদারবোর্ড তুলনামূলক বেশি দামে বিক্রি হচ্ছে। মাদারবোর্ডে সপ্তাহভেদে ২০০ থেকে ৫০০ টাকা দাম বেড়েছে। হার্ডডিস্কের দামও বাড়ছে। ১ টেরাবাইটের ইউএসবি ৩ পোর্টেবল হার্ডডিস্ক আগের তুলনায় ৫০০ থেকে ৮০০ টাকা বেশি দামে বিক্রি হচ্ছে। দোকানিরা জানান, কমপিউটারের অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রাংশের মধ্যে পেনড্রাইভ, মাউস, কিবোর্ডের দাম ৫০ থেকে ২০০ টাকা পর্যন্ত দাম বেড়েছে। তবে ল্যাপটপ বা র‌্যামের দাম আগের মতোই আছে। অন্যদিকে র‌্যাম, গ্রাফিক্স কার্ড, পেনড্রাইভসহ বেশ কিছু পণ্যের সঙ্কট দেখা দিয়েছে। অনেক নতুন পণ্য আসার কথা থাকলেও তা আসছে না রাজনৈতিক অস্থিরতার কারণে ◆

## ৬৪ জেলায় মোবাইল অ্যাপ তৈরির কর্মসূচি

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ জাতীয় পর্যায়ে মোবাইল অ্যাপ্লিকেশন (অ্যাপ) উন্নয়নের লক্ষ্যে দেশের সব জেলায় উন্নয়ন কার্যক্রম পরিচালনার উদ্যোগ নিয়েছে সরকার। ঢাকা জেলায় অবস্থিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষার পর ৪০ জন এ কোর্সের জন্য নির্বাচন করা হয়েছে। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের পাঁচ দিনব্যাপী জাভা ও অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশনের ওপর বিস্তারিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এছাড়া ব্যবহারিক ক্লাসের মাধ্যমে কর্মশালার শেষের দিকে প্রশিক্ষণার্থীরা অ্যাপ্লিকেশন তৈরি করছে। সফল প্রশিক্ষণার্থীদের সনদ দেয়া হচ্ছে। একই সাথে সেরা দুইজন প্রতিযোগীকে দেয়া হচ্ছে নোকিয়া ও সিম্ফনির পক্ষ থেকে গিফট। এসব প্রশিক্ষণার্থী জাতীয় পর্যায়ে অ্যাপ্লিকেশন তৈরির প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। প্রকল্পে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে এমসিসি ও ইএটিএলের সাথে কাজ করছে বেসিস, মাইক্রোসফট, রবি, নোকিয়া, সিম্ফনি, এসওএল কোয়েস্ট ◆

## খবর জানাতে পুলিশের নতুন নিউজ পোর্টাল



নিজেদের নানা তৎপরতা, বক্তব্য ও দেশী-বিদেশী খবর জানাতে এগিয়ে এসেছে ঢাকা মহানগর পুলিশ। উদ্বোধন করা হয়েছে ডিএমপিনিউজ ডটঅর্গ (dmpnews.org) ঠিকানার একটি নিউজ পোর্টাল। সম্প্রতি রাজধানীর মিন্টো রোডের কার্যালয়ে পোর্টালটির উদ্বোধন করেন ঢাকা মহানগর পুলিশ কমিশনার বেনজির আহমেদ। অনুষ্ঠানে জানানো হয়, অপরাধ দমনে পুলিশের নানা পদক্ষেপ, বক্তব্য, বিবৃতি, প্রেস বিজ্ঞপ্তি পোর্টালটিতে প্রকাশ করা হবে। পুলিশ কর্মকর্তাদের সংবাদ সম্মেলনে দেয়া বিভিন্ন বক্তব্যও প্রকাশ করা হবে। ফলে সাংবাদিকরা সহজেই তাদের প্রয়োজনীয় সংবাদ এ পোর্টাল থেকেই সংগ্রহ করতে পারবেন। শুধু পুলিশের কার্যক্রম নয়, দেশী-বিদেশী খেলাধুলা, বিনোদনের খবরও থাকবে এতে। থাকবে ব্রেকিং নিউজও ◆

## গ্রাহক সেবার নীতিমালা অনুমোদন

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ মোবাইল ফোন গ্রাহকদের সেবা নিশ্চিত করতে দীর্ঘদিন থেকে একটি নীতিমালা তৈরির কাজ করেছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। অবশেষে সম্প্রতি এ নীতিমালা অনুমোদন করা হয়েছে। কয়েক বছর ধরে গ্রাহকদের অভিযোগের ভিত্তিতে এটি চূড়ান্ত করেছে কমিশন। বিটিআরসির ভাইস চেয়ারম্যান গিয়াস উদ্দিন আহমেদ বলেন, কমিশনের নিয়মিত সভায় নীতিমালাটি অনুমোদন করা হয়েছে। শিগগিরই এটি জারি করা হবে। নীতিমালায় ১৩টি কেপিআই (কি পারফরম্যান্স ইন্ডিকেটর) নির্ধারণ করেছে বিটিআরসি। গ্রাহকের হয়রানি ঠেকাতে এ নীতিমালা তৈরি ও প্রয়োগে অনেকদিন ধরে চেষ্টা করছে কমিশন। তবে নানা কারণে তা এতদিন বাধাগ্রস্ত হয়েছে। কেপিআইয়ে গ্রাহকের ভয়েস কলের অন্তত ৭৫ শতাংশ সফল হওয়াকে ন্যূনতম সফলতার মাপকাঠি হিসেবে রাখা হয়েছে। তা ছাড়া কোনো অপারেটরের কনজেশনের কী অবস্থা, ঘন ঘন কল ড্রপ হয় কি না, ভয়েস কোয়ালিটির অবস্থা কী– সবই থাকবে এ ইন্ডিকেটরে। এ ছাড়া ডাটা ব্যবহারের ক্ষেত্রে ঘোষিত স্পিডের মধ্যে অন্তত ৮০ শতাংশ নিশ্চিত করতে বলেছে বিটিআরসি। অন্যান্য প্যারামিটারের মধ্যে এসএমএসের সফলতা, গ্রাহক সেবার মান, গ্রাহকের অভিযোগ জানানোর সুযোগ ঠিক আছে কি না, তাও গুরুত্ব পেয়েছে ◆

## অ্যান্ড্রয়িড থেকে এগিয়ে আইওএস

স্মার্টফোনের অপারেটিং সিস্টেমের আপডেটে গুগলের অ্যান্ড্রয়িড থেকে এগিয়ে রয়েছে টেক জায়ান্ট অ্যাপলের আইওএস। অ্যাপ্লিকেশনের সহজলভ্যতা না থাকলেও নিয়মিত অপারেটিং সিস্টেমের আপডেট পায় আইওএস চালিত ডিভাইসগুলো। অ্যাপলের আইওএস ডিভাইসের মধ্যে রয়েছে অ্যাপলের আইফোন, আইপ্যাড, আইপ্যাড মিনি, আইপড। বর্তমানে ৭৮ শতাংশ আইওএস অপারেটিং সিস্টেম ব্যবহারকারী আইওএসের সর্বশেষ সংস্করণ আইওএস ৭ আপডেট গ্রহণ করেছেন। নতুন সংস্করণ উন্মুক্তের এক মাসের মধ্যেই তারা এ আপডেট গ্রহণ করেন। শুধু প্রথম সপ্তাহেই ৬০ শতাংশ ব্যবহারকারী আপডেট গ্রহণ করেন। অপরদিকে গুগলের অ্যান্ড্রয়িড ব্যবহারকারীরা অপারেটিং সিস্টেম আপডেট থেকে অনেক পিছিয়ে। ২০১২ সালে উন্মুক্ত হওয়া অ্যান্ড্রয়িড ৪.১ জেলিবিন এখন পর্যন্ত মাত্র ৫৫ শতাংশ ব্যবহারকারী আপডেট করেছেন। বাকি ৪৫ শতাংশ ব্যবহারকারী অ্যান্ড্রয়িড ৪.০.৪ আইসক্রিম স্যান্ডউইচ, ৩.২, ২.৩ ইত্যাদি সংস্করণ ব্যবহার করছেন ◆

## গুগল সার্চ ট্রেন্ডে যুক্ত বাংলাদেশ

বাংলাদেশ থেকে ওয়েবে সবচেয়ে বেশি খোঁজা হয় বিভিন্ন পরীক্ষার রেজাল্ট। সম্প্রতি সার্চ ইঞ্জিন জায়ান্ট গুগল ট্রেন্ডে এ তথ্য প্রকাশ করা হয়েছে। তালিকার প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে এসএসসি ও এইচএসসি রেজাল্ট ২০১৩। শীর্ষ দশের শেষ অবস্থানে রয়েছে এডুকেশন বোর্ড রেজাল্ট। এর আগে সার্চ ট্রেন্ডে বাংলাদেশ অন্তর্ভুক্ত ছিল না। এবারই প্রথম বাংলাদেশকে যুক্ত করা হলো। তবে এখন মাত্র ট্রেন্ডিং সার্চেস ও পিপল ক্যাটাগরিতে তথ্য প্রকাশ করা হলো। এখনও বাকি ক্যাটাগরিতে বাংলাদেশের কোনো তথ্য যুক্ত করেনি গুগল। সার্চ ট্রেন্ডে তৃতীয় স্থানে রয়েছে এফবি (ফেসবুকের সংক্ষিপ্ত নাম)। এরপরেই রয়েছে ক্লাসিফায়েড বিজ্ঞাপন ও ই-কমার্স সাইট বিক্রয়। সার্চে পঞ্চম ও ষষ্ঠ স্থানে রয়েছে ভারতীয় হিন্দি মুভি চেন্নাই এক্সপ্রেস ও আশিকি ২। শীর্ষ দশের মধ্যে দেশের অন্যতম শীর্ষ নিউজ সাইট বিডিনিউজ২৪ ঠাঁই পেয়েছে সপ্তম স্থানে। এছাড়া অষ্টম ও নবম স্থানে রয়েছে যথাক্রমে অগ্রণী ব্যাংক ও রূপালী ব্যাংক ◆

## ৫৫৫ টাকায় ডিজিটাল ব্লু-বুক চালু

গাড়ি চুরি বন্ধে নতুন উদ্যোগ নিয়েছে যোগাযোগ মন্ত্রণালয়। এ ক্ষেত্রে গাড়ির মালিকানা নির্ধারণে কাগুজে বইয়ের পরিবর্তে দেয়া হচ্ছে মেশিন রিডেবল ডিজিটাল ব্লু-বুক বা ভেহিকল ওনারশিপ কার্ড। চলতি মাস থেকে এ কার্যক্রম চালু করেছে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)। মাত্র ৫৫৫ টাকার বিনিময়েই পাওয়া যাবে এ ডিজিটাল ব্লু-বুক। বিআরটিএ'র তথ্য মতে, ড্রাইভিং লাইসেন্সের মতো দেখতে ডিজিটাল ব্লু-বুকে থাকবে গাড়ির মালিকের ছবি, স্বাক্ষর ও বৃদ্ধাঙ্গুলের ছাপ। গাড়ির সংক্ষিপ্ত বিবরণের পাশাপাশি এক্সেল লোডও লেখা থাকবে ডিজিটাল ব্লু-বুকে। ড্রাইভিং লাইসেন্সের মতো সহজে বহনযোগ্য এ স্মার্টকার্ডই গাড়ির মালিকানার সপক্ষে ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট হিসেবে গণ্য হবে। ডিজিটাল এ ব্লু-বুকে বারকোড ও মালিকের সেলফোন নম্বর উল্লেখ থাকবে। মেশিন রিডেবল কার্ডটিতে একটি চিপ যুক্ত থাকবে, যা এর তথ্য সংরক্ষণ ও সুরক্ষায় কাজ করবে। গাড়ির ইঞ্জিন ও চেসিস নম্বর, মালিকানাসহ বিভিন্ন বিষয়ের বিস্তারিত জানতে বা মালিকানা পরীক্ষা করতে এ কার্ড মেশিনে ঢোকালেই চলবে ◆

## দেশের এক লাখ হাটবাজারে বিনামূল্যের ওয়াই-ফাই হটস্পট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সচিব নজরুল ইসলাম খান বলেছেন, ৫৬ হাজার বর্গমাইল জুড়ে আইসিটি কার্যক্রম পুরোদমে চালাতে সরকার দেশের এক লাখ হাটবাজারে হটস্পট চালু করবে। এখানে থাকবে উচ্চগতির ইন্টারনেট সংযোগসহ অবকাঠামো ও প্রযুক্তিগত সুবিধা। যেখানে তরুণ-তরুণী থেকে শুরু করে সবাই প্রযুক্তিকে কাজে লাগিয়ে জীবনে স্বাচ্ছন্দ্য আনতে সক্ষম হবে ও আত্মকর্মসংস্থানের সুযোগ করতে পারবে। এর মধ্য দিয়ে দূর হবে 'ডিজিটাল বৈষম্য'। সম্প্রতি রাজধানীর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে এক কর্মশালায় সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা জানানো হয়। আইসিটি মন্ত্রণালয় ও ইএটিএল 'জাতীয় পর্যায়ে মোবাইল অ্যাপ্লিকেশন উন্নয়নে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি' শীর্ষক কর্মসূচির আওতায় পাঁচ দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করে। প্রধান অতিথি আরও বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের প্রয়াসের পাশাপাশি বেসরকারি খাত ও ইন্ডাস্ট্রিগুলোকে এগিয়ে আসতে হবে। তথ্যপ্রযুক্তির অপরিমেয় সম্ভাবনাকে কাজে লাগাতে পারলে তা আত্মকর্মসংস্থানের পাশাপাশি দেশের জন্য বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা আনতে পারবে। কর্মশালায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৩৫ জন শিক্ষার্থী অংশ নেয়। তারা প্রশিক্ষণ চলাকালীন সময়ে শিক্ষার্থী পরামর্শ, পুষ্টি, কৃষি, কবি কাজী নজরুল ইসলাম, পাবলিক লাইব্রেরিসহ বিভিন্ন বিষয়ে মোবাইল অ্যাপস নির্মাণ করে ◆

## বিজয় একটি নতুন ধারণা-উদ্ভাবন : তথ্যমন্ত্রী

তথ্য ও সংস্কৃতিমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বিজয় একটি কীবোর্ড বা সফটওয়্যার নয়, এটি একটি নতুন ধারণা ও একটি উদ্ভাবন। কম্পিউটারে বাংলা লেখার জন্য বিজয়-এর আগে ও পরে অনেক বাংলা সফটওয়্যার প্রচলিত হলেও এটি তার নিজস্ব মহিমায় উদ্ভাসিত হয়ে আছে। এখনও পেশাদারী কাজে শুদ্ধভাবে বাংলা লেখার জন্য এটি সেরা সফটওয়্যার হিসেবে সার্বজনীনভাবে স্বীকৃত। গত ২৭ ডিসেম্বর বিজয় বাংলা কি-বোর্ড ও সফটওয়্যারের রজত জয়ন্তী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।



*মোস্তাফা জব্বারকে সম্মাননা ক্রেস্ট প্রদান করছেন হাসানুল হক ইনু*

জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজিত এ সভার আয়োজক ছিল বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম (বিআইজেএফ)। সভায় জানানো হয়, ১৯৮৮ সালের ১৬ ডিসেম্বর বিজয় বাংলা কি-বোর্ড ও সফটওয়্যারের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। ফলে এ বছরের ১৬ ডিসেম্বর এর ২৫ বছর পূর্তী হয়। রজত জয়ন্তীর এই দিনে বক্তারা বিজয় বাংলা কি-বোর্ড ও সফটওয়্যারের উত্তরোত্তর সাফল্য কামনা করেন। বিআইজেএফ সভাপতি মুহাম্মদ খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক কবি অসীম সাহা এবং গণ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মনসুর মুসা। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিজয় বাংলা কি-বোর্ড ও সফটওয়্যারের প্রবক্তা মোস্তাফা জব্বার, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশের (আইএসপিএবি) সভাপতি আক্তারুজ্জামান মঞ্জু, বাংলাদেশ কম্পিউটার সমিতির (বিসিএস) সহ-সভাপতি মোঃ মইনুল ইসলাম, বিসিএস কম্পিউটার সিটির সভাপতি মজিবুর রহমান স্বপন, বাংলাদেশ ওমেন ইন আইটি'র (বিডাব্লিউআইটি) সভানেত্রী লুনা শামসুদ্দোহা, জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ওসমান গনি, বিআইজেএফ'র নির্বাহী সদস্য মোহাম্মদ কাওছার উদ্দীন এবং মোস্তাফা জব্বারের সহপাঠি ও তথ্যপ্রযুক্তিবিদ মোহাম্মদ জালাল। অনুষ্ঠানের শেষে বিআইজেএফ'র পক্ষ থেকে মোস্তাফা জব্বারকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয় ◆

## অ্যামটবের নতুন চেয়ারম্যান ক্রিস টোবিট

দেশে মোবাইল ফোন অপারেটরদের সংগঠন অ্যামটবের তৃতীয় চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েছেন এয়ারটেলের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ক্রিস টোবিট। সম্প্রতি রবির সিইও মাইকেল ক্যুনার ঢাকা ছেড়ে যাওয়ায় নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েছেন টোবিট। আগের কমিটিতে তিনি ভাইস চেয়ারম্যানের দায়িত্বে ছিলেন।



টোবিট নতুন চেয়ারম্যানের দায়িত্ব নিলেও ইতোমধ্যে এয়ারটেলের সাথে তার তিন বছরের চুক্তির মেয়াদ শেষ হয়েছে। এখনও নতুন চুক্তি হয়নি। ফলে যেকোনো সময় তিনি ঢাকা ছেড়ে যেতে পারেন। তখন হয়তো নতুন কাউকে অ্যামটবের নেতৃত্বে দেখা যাবে বলে জানা গেছে। নতুন কমিটিতে সাধারণ সম্পাদকের দায়িত্বে বহাল রয়েছেন টিআইএম নূরুল কবির। আগের কমিটির মেয়াদ ছিল ৩১ ডিসেম্বর পর্যন্ত। নতুন কমিটিও দুই বছরের জন্য দায়িত্ব পালন করবে বলে জানিয়েছে অ্যামটব সূত্র। কমিটিতে প্রতিটি মোবাইল ফোন অপারেটরের শীর্ষ কর্মকর্তারা রয়েছেন। ২০১২ সালের জানুয়ারিতে দায়িত্ব নেয়ার আগে অ্যামটব বোর্ডের প্রথম চেয়াম্যান ছিলেন সিটিসেলের সিইও মেহবুব চৌধুরী ◆

## ই-টিআইএন নিবন্ধনে সময় বৃদ্ধি

ব্যক্তিশ্রেণীর করদাতাদের অনলাইন কর শনাক্তকারী নম্বরের (ই-টিআইএন) রি-রেজিস্ট্রেশনের সময় আগামী তিন মাস (৩১ মার্চ) পর্যন্ত বাড়ানো হয়েছে। তবে আয়কর বিবরণী জমার সময়সীমা আর বাড়াচ্ছে না




জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। জানানো হয়, করদাতাদের ই-টিআইএনের আওতায় আনতে গত ১ জুলাই থেকে কাজ শুরু করে এনবিআর। দ্রুত ও উন্নতর সেবা দেয়ার উদ্দেশ্যে ১০ ডিজিটের টিআইএন পরিবর্তন করে ই-টিআইএন পদ্ধতির মাধ্যমে অনলাইনে নতুন ১২ ডিজিটের টিআইএন নেয়ার সময়সীমা ৩১ ডিসেম্বর ২০১৩ শেষ হয়েছে। তবে ই-টিইনএন পদ্ধতিতে রি-রেজিস্ট্রেশনের সময়সীমা আগামী ৩১ মার্চ ২০১৪ পর্যন্ত বাড়ানো হয়েছে ◆

## এটিএমে ডিজিটাল চোর

এ বছর ইউএসবির মাধ্যমে এটিএম বুথের ক্যাশ মেশিনকে ম্যালওয়্যারে আক্রান্ত করছে চোরেরা। সম্প্রতি গবেষকেরা এ বিষয়টি আবিষ্কার করেছেন। তাদের মতে, চোরেরা ক্যাশ মেশিন কেটে ইউএসবি ড্রাইভ প্রবেশ করিয়ে তাদের নির্দিষ্ট কোডটি ঢুকিয়ে দেয়। আর এর মাধ্যমে এটিএম অ্যাক্সেস নিয়ে অর্থ লুটে নেয় তারা। সম্প্রতি জার্মানিতে অনুষ্ঠিত হ্যাকার-থিমড চ্যাওস কমপিউটিং কংগ্রেসে ইউরোপের একটি ব্যাংকের



অর্থ চুরি করে নেয়ার বিষয়টি প্রকাশ করা হয়। গত জুলাইয়ে বেশ কয়েকটি এটিএমে ক্যাশ চুরি হয়ে যাওয়ার পর হ্যাকারেরা আলোচনায় আসে। চোরেরা ইউএসবি স্টিক ব্যবহার করে ক্যাশ মেশিনটি আক্রান্ত করে ফেলে। এ স্টিকে ম্যালওয়্যার ছিল, যা পরে এটিএম মেশিনে ইনস্টল হয়ে যায়। চোরেরা একটি ১২ ডিজিটের কোডের মাধ্যমে আক্রান্ত মেশিনগুলোর অ্যাক্সেস পেয়ে যায়। একই নেটওয়ার্কের চারটি মেশিন আক্রান্ত হওয়ার পর হ্যাকারেরা মোট অর্থের পরিমাণ দেখতে পারে এবং এটিএম স্ক্রিন থেকে সব মেনুর কাজ করতে পারে ◆

## শাবিপ্রবিতে তৈরি হচ্ছে ড্রোন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) তৈরি হচ্ছে মনুষ্যবিহীন বিমান (ড্রোন)। বিশ্ববিদ্যালয়ের একদল তরুণ গবেষক এ ড্রোন তৈরির কার্যক্রম হাতে নিয়েছে। ইতোমধ্যেই ড্রোনের একটি পরীক্ষামূলক ডিজাইন তৈরি করা হয়েছে। আগামী এপ্রিল নাগাদ এটি আকাশে ওড়ানো সম্ভব হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। গত বছরের এপ্রিল থেকে এ ড্রোন তৈরির তাত্ত্বিক কাজ শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স বিভাগের প্রধান প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল এ ড্রোন তৈরির প্রকল্পের তত্ত্বাবধান করছেন। গবেষক দলের প্রধান হিসেবে রয়েছেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী সৈয়দ রেজওয়ানুল হক নাবিল। রয়েছেন পদার্থ বিজ্ঞানের চতুর্থ বর্ষের শিক্ষার্থী রবি কর্মকার ও দ্বিতীয় বর্ষের ছাত্র মারুফ হোসেন রাহাত। আপাতত নিজস্ব অর্থায়নে কাজ শুরু হয়েছে। স্পন্সর পেলে এটি আরও বড় আকারে করা হবে। এ ড্রোনে ক্যামেরার মাধ্যমে ভিডিওচিত্র তোলা যাবে। এছাড়া দেশের সীমানা পাহারা দেয়া, উপর থেকে তাৎক্ষণিক ছবি তোলা, আবহাওয়া সম্পর্কে তথ্য জানা যাবে। এ ছাড়া রেললাইন পাহারার কাজে এটি ব্যবহার করা যাবে ◆

## ফেসবুক থেকে আনফ্রেন্ড করায় গরম পানি হামলা

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক নিয়ে এক মর্মান্তিক কাণ্ড ঘটেছে ভারতের বিহার রাজ্যে। ফেসবুক থেকে আনফ্রেন্ড করায় একটি মেয়ের মুখে গরম পানি ছুড়ে মেরেছে এক তরুণ। মেয়েটির বয়স ১৫ বছর। তরুণটি অষ্টম শ্রেণী পড়ুয়া এ মেয়ের দিকে গরম পানি ছুড়ে মারে। মেয়েটির অপরাধ– সে ওই তরুণটিকে তার ফেসবুক ফ্রেন্ডলিস্ট থেকে আনফ্রেন্ড করে দিয়েছে। মেয়েটির চিকিৎসা চলছে মোজাফফরপুর জেলার একটি হাসপাতালে। তার মুখের প্রায় ২০ শতাংশ পুড়ে গেছে। পুলিশের কাছে দেয়া মেয়ের জবানবন্দিতে জানা গেছে, অভিযুক্ত তরুণ মোজাফফরপুরের গান্নিপুর তার বাড়ির কাছে এসেছিল। দেখা হলে সে বলেছিল, হারানো পরিচয়পত্র খুঁজতে এসেছে। এরপরই গরম পানি ছুড়ে মারে ছেলেটি ◆

## বিশ্বের প্রথম স্বচ্ছ ডুয়াল স্ক্রিন ট্যাবলেট উন্মুক্ত

বিশ্বের প্রথম স্বচ্ছ ডুয়াল স্ক্রিন ট্যাবলেট উন্মুক্ত করেছে গ্রিপ্রিটি। ৮০০ বাই ৪৮০ পিক্সেলের ৭ ইঞ্চি পর্দার এ ট্যাবলেটটি বছরের শেষের দিকে বাজারে আসবে। ট্যাবলেটটির উভয় পাশের প্যানেলই মাল্টিটাচ ইনপুট সমর্থন করে। কোরটেক্স এ৮ প্রসেসর চালিত এ ট্যাবলেটটিতে রয়েছে ৪ জিবি স্টোরেজ, যা ৩২ জিবি পর্যন্ত বাড়িয়ে নেয়া যাবে। অপারেটিং সিস্টেম হিসেবে রয়েছে অ্যান্ড্রয়িড ৪.২.২ জেলি বিন। গ্রিপ্রিটি ট্যাবলেট ওয়াই-ফাই ও ব্লুটুথ সমর্থন করে। এছাড়া রয়েছে আইআর ব্লাস্টার, যার মাধ্যমে দূর থেকে নিয়ন্ত্রণের সুবিধা থাকছে। ট্যাবলেটটির স্বচ্ছ পর্দা ব্যবহারকারীদের টাচস্ক্রিন কিবোর্ডের মাধ্যমে স্বাচ্ছন্দ্যে টাইপ করার সুবিধা দেবে। যেহেতু উভয় পাশের প্যানেল টাচ সমর্থন করে, তাই দুই আঙ্গুলের পরিবর্তে ১০ আঙ্গুল দিয়ে ব্যবহার করা যাবে ◆

## ২৪ হাজার সরকারি ওয়েবসাইট একইরূপে আসছে

সরকারি সব ওয়েবসাইটের একই নকশা হচ্ছে। প্রতিটি সাইটের হোম পেজের গঠন একই আঙ্গিকে আনার প্রক্রিয়া শুরু হয়েছে। জানা গেছে, ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্কের আওতায় ইউনিয়ন পরিষদ থেকে মন্ত্রণালয় পর্যন্ত ২৪ হাজার সরকারি দফতরে ওয়েবসাইটের হোজ পেজ একই নকশায় তৈরি করা হবে। ফলে একেক ওয়েবসাইটের হোম পেজের গঠন আর ভিন্ন ভিন্ন থাকবে না। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এতে ওয়েবসাইটগুলোতে সেবার বিভিন্ন মেনু, ব্যানার, সাব-মেনু ও সংশ্লিষ্ট খাতগুলো খুঁজতে বিভ্রান্তি সৃষ্টি না হয়ে তা আরও জনবান্ধব হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মো: নজরুল ইসলাম খান বলেন, ইউনিয়ন পরিষদ থেকে শুরু করে উপজেলা, জেলা, বিভাগ, মন্ত্রণালয়ের বিভাগ, অধিদফতর, দফতর ও সংস্থার ওয়েবসাইট তৈরির কাজ শেষ। এখন এগুলো অধিকতর সেবাবান্ধব করতে একই প্লাটফর্মে আনার কাজ চলছে। একই সাথে সব ধরনের উচ্চগতির ইন্টারনেট সংযোগ ও সেবাসংশ্লিষ্ট অ্যাপস নিয়ে কাজ চলছে। খুব দ্রুত একই নকশার ২৪ হাজার সরকারি ওয়েবসাইট উদ্বোধন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগের আইসিটি সেকশনের অ্যাসিসট্যান্ট সিস্টেম অ্যানালিস্ট গোলাম মোস্তফা বলেন, সরকারি সব ওয়েবসাইটের একই নকশার হোম পেজ থাকবে। তথ্য সেবার বিভিন্ন মেন্যু, বান্যার ও খাতগুলো প্রত্যেক সাইটে একই জায়গায় থাকবে। তবে প্রত্যেক পোর্টালের নিজস্ব তথ্য-উপাত্ত ও ছবি স্বাভাবিকভাবেই স্বতন্ত্র হবে। মোস্তফা জানান, ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাইট তৈরির কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। মন্ত্রণালয়গুলোর সাইট তৈরির কাজ চলছে। এর মধ্যে ১০ মন্ত্রণালয়ের ট্রেনিং শেষ হয়েছে। বাকিগুলোরও কাজ আগামী দু'মাসের মধ্যে শেষ হবে বলে তিনি জানান ◆

## এটুআইয়ের নতুন লোগো

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করা প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশনের (এটুআই) লোগো পাল্টে গেছে। গত ৩০ ডিসেম্বর প্রধানমন্ত্রীর কার্যালয়ে নতুন এ লোগো উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন এটুআইয়ের প্রকল্প পরিচালক ও ডিরেক্টর জেনারেল (অ্যাডমিন) কবির বিন আনোয়ার। নতুনরূপে এটুআইকে সাজানোর কার্যক্রমের অংশ হিসেবে লোগো পরিবর্তন করা হচ্ছে। ইতোমধ্যেই লোগোটি এটুআইয়ের ওয়েবসাইটসহ বিভিন্ন প্রচারনায় ব্যবহার করা হয়েছে। এর আগে গত সেপ্টেম্বরে নতুন লোগো তৈরির জন্য একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় ৭১৪টি লোগো জমা পড়ে। এর মধ্যে জহির উদ্দিন জুমন নামে এক প্রতিযোগীর লোগো চূড়ান্ত হয়। বিজয়ী হিসেবে তিনি ১ লাখ টাকা পুরস্কার পান ◆

## ১ বিলিয়ন পিসি হ্যাকিং আতঙ্কে



উইন্ডোজ অপারেটিং সিস্টেমে এরর রিপোর্টের কারণে বিশ্বের প্রায় ১ বিলিয়ন পিসি হ্যাকিং আতঙ্কে রয়েছে। কারণ এরর রিপোর্ট কোনো এনক্রিপ্ট ছাড়াই প্রকাশ করা হয়। এতে ব্যবহারকারীর পিসির ধরন, অপারেটিং সিস্টেম ও তার সংস্করণ, সিস্টেম প্যাক ও সফটওয়্যারের বিষয়ে তথ্য থাকে। হ্যাকারেরা সহজেই এ তথ্যগুলো লুফে নিয়ে হ্যাকিং কার্যক্রম চালাতে পারে বলে নিরাপত্তা প্রতিষ্ঠান ওয়েবসেন্স সিকিউরিটি ল্যাব জানিয়েছে। বিশ্বের প্রায় ৮০ শতাংশ নেটওয়ার্ক সংযুক্ত পিসি এরর রিপোর্ট ব্যবহার করে, যার পরিমাণ প্রায় ১ বিলিয়ন। আর এ তথ্যগুলো হ্যাকারেরা সহজেই খুঁজে পেতে পারে ও অপারেটিং সিস্টেম অথবা সফটওয়্যারটির দুর্বলতা জানতে পারে ◆

## এডেটার ১২৮ জিবি এসএসডি




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এডেটা ব্র্যান্ডের এসএক্স৯০০ মডেলের নতুন সলিড স্টেট ড্রাইভ। মাল্টি-লেভেল সেল ন্যান্ড ফ্ল্যাশের এ ড্রাইভটিতে হয়েছে উন্নতমানের ফার্মওয়্যার। হার্ডডিস্কটি সাটা ৬ গিগাবাইট/সেকেন্ড ইন্টারফেসের ও এটি রেইড সাপোর্ট করে, যার সর্বোচ্চ ডাটা রিড ও রাইটের গতি যথাক্রমে ৫৫০ মেগাবাইট/সেকেন্ড ও ৫১০ মেগাবাইট/সেকেন্ড। উইন্ডোজ ট্রিম কমান্ড সমর্থন করায় ডেস্কটপ ও নোটবুক উভয় ব্যবহারকারী ভিডিও এডিট, বড় আকৃতির ইমেজ সম্পাদন, কমপিউটার ড্রাফটিং ও বড় সাইজের ডাটা রিড বা রাইট করতে পারে। ১২৮ জিবি ডাটা ধারণক্ষম এসএসডির দাম ১০ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪ ◆

## বাজারে এইচপি ডুয়াল কোর ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি ১০০০-১৪০৫ টিইউ মডেলের ডুয়াল কোর ল্যাপটপ। ইন্টেল ২.৪ গিগাহার্টজের ডুয়ালকোর প্রসেসরসমৃদ্ধ এ ল্যাপটপে রয়েছে ২ জিবি ডিডিআর৩ র‌্যাম, ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক, ১৪ ইঞ্চি এইচডি ডিসপ্লে, ডিভিডি রাইটার, ওয়াই-ফাই, ব্লুটুথ, ইন্টারনাল স্পিকার, আইল্যান্ড কিবোর্ড, অন-অফ বাটনসমৃদ্ধ টাচপ্যাড, তিনটি ইউএসবি পোর্ট, একটি এইচডিএমআই পোর্ট, একটি ভিজিএ পোর্ট ও এইচডি ওয়েবক্যাম। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০ ◆

## লেনোভোর কোরআই৫ প্রসেসরের নতুন ল্যাপটপ



লেনোভোর বাংলাদেশের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আইডিয়াপ্যাড জেড৫৮০ মডেলের নতুন ল্যাপটপ। ২.৬ গিগাহার্টজ ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৫ প্রসেসর ও উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেমে চালিত এ মাল্টিমিডিয়া ল্যাপটপে রয়েছে ১৫.৬ ইঞ্চির ডিসপ্লে, ৪ জিবি র‌্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, এনভিডিয়া জিফোর্স চিপসেটের ১ জিবি ভিডিও মেমরির গ্রাফিক্স, ডিভিডি রাইটার, ডলবি অডিও ফিচারের স্টেরিও স্পিকার ও ওয়েবক্যাম। সংযোগ সুবিধা পেতে রয়েছে গিগাবিট ল্যান পোর্ট, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ, এইচডিএমআই পোর্ট, ভিজিএ পোর্ট, ইউএসবি ৩.০ পোর্ট প্রভৃতি। দাম ৬৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆

## গুগল গ্লাসে চোখের পলকে ছবি তোলার সুবিধা




প্রযুক্তি জায়ান্ট গুগলের নির্মিত 'গুগল গ্লাস' সময়ের এক বড় চমক। বছর খানেকের বেশি সময় ধরে এ স্মার্ট গ্যাজেটটি নিয়ে চলছে নানা জল্পনা-কল্পনা। প্রযুক্তিবিশ্ব অপেক্ষায় রয়েছে উন্নত প্রযুক্তির নতুন ফিচারসমৃদ্ধ গুগল গ্লাস পেতে। প্রতিনিয়ত নিত্যনতুন ফিচার যুক্ত হচ্ছে গুগল গ্লাসে। আর এ নতুন ফিচারের তালিকায় সম্প্রতি যুক্ত হলো চোখের পলকে ছবি তোলার সুবিধা। বহুমুখী সুবিধার কারণে ই-চশমাটিতে ব্যবহার হয়েছে অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেম। ইতোমধ্যেই চশমাটিতে রয়েছে গুগল ম্যাপ, ভিডিও চ্যাট ও ভয়েস কমান্ড সুবিধা। গুগল চশমার ৭২০ পিক্সেলের ক্যামেরাটি গ্যাজেটটির সামনে সেট করা হয়েছে। যেটিতে ভয়েস কমান্ডের মাধ্যমে ছবি তোলা যেত। কিন্তু নতুন প্রযুক্তি যুক্ত করার ফলে এখন চোখের পলকের ইশারার মাধ্যমে ছবি তোলা যাবে ◆

## রিকো মাল্টিফাংশনাল ফটোকপিয়ার



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে রিকো ব্র্যান্ডের এমপি ২০০১এল মডেলের মাল্টিফাংশনাল ফটোকপিয়ার। জাপানি এ ফটোকপিয়ার মেশিনটির মেমরি ১২৮ মেগাবাইট, কপি স্পিড প্রতিমিনিটে ২০ পেজ, একসাথে সর্বোচ্চ ৬০০ পেজ কাগজ রাখার ব্যবস্থা ও জুম ৫০ থেকে ২০০ শতাংশ। কপিয়ারটিতে এক কমান্ডে ৯৯টি কপি প্রিন্ট অথবা কপি করা যায়। মেশিনটি দিয়ে ফটোকপি, ডুপ্লেক্স প্রিন্টিংয়ের পাশাপাশি কালার স্ক্যান ও ফ্যাক্স করার অপশনও রয়েছে। ২ বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৮৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৪৬ ◆

## ডি-লিংক তারহীন ইথারনেট থ্রিজি রাউটার



ল্যান্ডফোন সংযোগ অথবা উচ্চগতির থ্রিজি ইন্টারনেট সংযোগ সুবিধা নিয়ে ডি-লিংক ব্র্যান্ডের এডিএসএল রাউটার বাজারে এনেছে কমপিউটার সোর্স। ডিএসএল-২৭৫০ইউ মডেলের এ রাউটারটিতে রয়েছে একটি আরজে১১, চারটি আরজে৪৫ পোর্ট ও ৩০০ এমবিপিএস ডাটা স্থানান্তর সুবিধার তারহীন সংযোগ সুবিধা। রাউটারটির ইউএসবি পোর্ট ব্যবহার করে থ্রিজি মডেমের মাধ্যমেও ইন্টারনেট সংযোগ স্থাপন ও ইউএসবি প্রিন্টারে সংযোগ স্থাপন করা যায়। এর ডাটা আপলোড গতি সেকেন্ডে ১ মেগাবিট ও ডাউনলোড গতি ২৪ মেগাবিট/সেকেন্ড। রাউটারটির দাম ৩ হাজার ৩০০ টাকা। যোগাযোগ : ০১৯৩৯৯১৯৫৮৯ ◆

## মাল্টিপ্লানে বিডি গেমিং গিয়ার্স

রাজধানীর মাল্টিপ্লান সেন্টারে বসেছে সব ধরনের হালনাগাদ গেমিং পণ্যের পসরা। মার্কেটের দশম তলায় (দোকান নং ৯০৭) 'বিডি গেমিং গিয়ার্স' থেকে ছয়টি আন্তর্জাতিক ব্র্যান্ডের




এক্সেসরিজ দিয়ে ইচ্ছেমতো গেমিং ডেস্কটপ পিসি তৈরি করে নিতে পারছেন ক্রেতারা। পাশাপাশি প্রয়োজনে সংগ্রহ করতে পারছেন ১৩ ধরনের গেমিং এক্সেসরিজ। এখানকার এক্সেসরিজে এক থেকে সর্বোচ্চ দশ বছরের বিক্রয়োত্তর সেবা দিচ্ছে বিডি গেমিং গিয়ার্স ◆

## ডেলের এক্সিকিউটিভ ল্যাপটপ বাজারে

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ডেল ইন্সপায়ন ৩৪২১ মডেলের এক্সিকিউটিভ ল্যাপটপ।



ইন্টেলের ৩২১৭ মডেলের কোরআই৩ প্রসেসরসম্পন্ন এ ল্যাপটপে রয়েছে ২ জিবি র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ১৪ ইঞ্চি ডিসপ্লে, ডিভিডি রাইটার, ব্লুটুথ, ওয়াই-ফাই ও ১ গিগাবাইট গ্রাফিক্স কার্ড। আকর্ষণীয় ক্যারিকেস ও এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ ল্যাপটপটির দাম ৩৭ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০৪ ◆

## টিভি টিউনারসহ অল ইন ওয়ান পিসি

গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভো ব্র্যান্ডের সি৩৪০ মডেলের অল ইন ওয়ান ফ্যামিলি পিসি। কমপিউটারনির্ভর কাজের পাশাপাশি এ পিসিটি মুভি দেখা, গান-বাজনা উপভোগ করা, গেম খেলা ও ওয়েব চ্যাট করার জন্য আদর্শ। ২০ ইঞ্চির এলইডি প্যানেলের এ পিসিটি ৩.৪ গিগাহার্টজ গতির ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৩ প্রসেসরে চালিত। রয়েছে ৮ জিবি র‌্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, ডিভিডি রাইটার, বিল্ট-ইন গ্রাফিক্স, গিগাবিট ল্যান, ওয়্যারলেস ল্যান, ওয়েবক্যাম, এইচডিএমআই পোর্ট, বিল্ট-ইন টিভি টিউনার, ৬টি ইউএসবি পোর্ট, বিল্ট-ইন অডিও, ওয়্যারলেস কিবোর্ড, ওয়্যারলেস মাউস, মেমরি কার্ড রিডার প্রভৃতি। দাম ৫৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆



## নববর্ষে এইচপি কোরআই৫ নোটবুক



ইংরেজি নববর্ষকে স্বাগত জানাতে দেশের বাজারে এসেছে এইচপি ব্র্যান্ডের নতুন নোটবুক। এইচপি ১০০০-১৪১৬টিএক্স মডেলের কোরআই৫ প্রসেসর সমন্বিত নোটবুকটির প্রসেসর গতি ২.৬ গিগাহার্টজ। রয়েছে ৪ জিবি ডিডিআর থ্রি র‌্যাম ও ১ জিবি ডেডিকেটেড গ্রাফিক্স কার্ড। ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার নোটবুকটির তথ্য ধারণক্ষমতা ৫০০ জিবি। দেশের বাজারে কমপিউটার সোর্স পরিবেশিত এ নোটবুকের দাম ৪৭ হাজার টাকা। এর ব্যাকআপ সময় তিন ঘণ্টার বেশি। যোগাযোগ : ০১৭৩০৭০০০৯৩

## লেনোভোর থ্রিজি ট্যাবলেট পিসি



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর এ৩০০০ মডেলের ট্যাবলেট পিসি। অ্যান্ড্রয়িড জেলিবিন ৪.২ মোবাইল অপারেটিং সিস্টেম প্লাটফর্মের ১.২ গিগাহার্টজ কর্টেক্স-এ৭ কোয়াড-কোর প্রসেসরে চালিত ট্যাবলেট পিসিতে রয়েছে ফোন কলের পাশাপাশি থ্রিজি মোবাইল ডাটা বা ইন্টারনেট ব্যবহারের সুবিধা। এছাড়া রয়েছে ৭ ইঞ্চির মাল্টি-টাচ আইপিএস ডিসপ্লে, ১ জিবি র‌্যাম, ১৬ জিবি ডাটা স্টোরেজ ডিভাইস, ডুয়াল ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ ৪.০, জিপিএস, জি-সেন্সর ফাংশন, ডুয়াল স্টেরিও স্পিকার, মাইক্রো-ইউএসবি ইন্টারফেস, মাইক্রো-এসডি কার্ড রিডার প্রভৃতি। সর্বোচ্চ ৭ ঘণ্টা ওয়াই-ফাই ব্রাউজিং করা যায়। দাম ২১ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯২৫

## মাইক্রোসফট অফিস ৩৬৫ হোম প্রিমিয়াম বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে মাইক্রোসফটের শক্তিশালী অফিস প্যাকেজ মাইক্রোসফট অফিস ৩৬৫ হোম প্রিমিয়াম। এ অফিস প্যাকেজের মাধ্যমে ব্যবহারকারী ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, আউটলুক, ওয়াননোট, পাবলিশার ও অ্যাক্সেস ব্যবহার করতে পারবেন। এছাড়া এ প্যাকেজে রয়েছে ২৭ জিবি অনলাইন স্টোরেজ, যার মাধ্যমে ব্যবহারকারী তার প্রয়োজনীয় ফাইল ওয়েবে আপলোড করে রাখতে পারবেন। এ অফিস প্যাকেজের অন্যতম আকর্ষণীয় ফিচার হচ্ছে প্রতিমাসে ৬০ মিনিট টেলিফোন টকটাইম। অর্থাৎ এ প্যাকেজের ব্যবহারকারী স্কাইপের মাধ্যমে প্রতিমাসে বিশ্বের ৪০টি দেশের টেলিফোনে ৬০ মিনিট ফ্রি কথা বলতে পারবেন। ৯ হাজার টাকা দামের এ প্যাকেজটি পাঁচজন ব্যবহারকারী এক বছর ব্যবহার করতে পারবেন। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১৩

## মাইক্রোনেটের ওয়্যারলেস ব্রডব্যান্ড রাউটার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে মাইক্রোনেট কোম্পানির এসপি৯১৬এনই মডেলের ৩০০ এমবিপিএস ওয়্যারলেস ব্রডব্যান্ড রাউটার। এটি আইট্রিপলই৮০২.১১ বি/জি/এন ওয়্যারলেস স্ট্যান্ডার্ড সমর্থন করে। এতে রয়েছে ৬৪/১২৮ বিট ডব্লিউপিএ, ডব্লিউপিএ২ সিকিউরিটি ফিচার, যা হ্যাকারদের অবৈধ অনুপ্রবেশ থেকে নেটওয়ার্ককে রক্ষা করে। নেটওয়ার্ক গঠনে এতে রয়েছে একটি ১০/১০০ ইউটিপি ওয়্যান পোর্ট ও চারটি ১০/১০০ ইউটিপি ল্যান পোর্ট। শুধু একটি এক্সডিএসএল/ক্যাবল মডেমের মাধ্যমে এটি সব কমপিউটার ও নেটওয়ার্ক ডিভাইসের মধ্যে ইন্টারনেট অ্যাক্সেস শেয়ার করতে পারে। এতে ২.৪ গিগাহার্টজ ফ্রিকোয়েন্সি ব্যান্ড, এইচডিসিপি (সার্ভার/ক্লায়েন্ট), ভার্চুয়াল ডিএমজেড, ওয়েবসাইট ব্লক সুবিধা। দাম ৪ হাজার টাকা

## স্পর্শ প্রযুক্তির লজিটেক কে৪০০ কিবোর্ড



লজিটেক কে৪০০ স্মার্ট টিভিতে ব্যবহারোপযোগী তিন বছরের রিপ্লেসমেন্ট সুবিধার কিবোর্ড। তারহীন প্রযুক্তির কিবোর্ডটিতে রয়েছে স্পর্শ প্রযুক্তির মাউস সুবিধা। মাউসটির আকার ৩.৫ ইঞ্চি। কিবোর্ড থেকেই মাল্টিমিডিয়া ড্রাইভ পরিচালন সুবিধার বহনযোগ্য এ কিবোর্ডটি বাজারে এনেছে কমপিউটার সোর্স। দশ মিটার দূরত্বের মধ্যে কোনো ধরনের তারের সংযোগ ছাড়াই কিবোর্ডটি সাবলীলভাবে কাজ করে। রয়েছে লজিটেক ইউনিফাইং রিসিভার ও অ্যাডভান্স ২.৪ গিগাহার্টজ ওয়্যারলেস। এক ব্যাটারিতেই চলে টানা এক বছর। দাম ৪ হাজার টাকা

## এলজির সিনেমা স্ক্রিন এলইডি মনিটর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজির ২২ইএ৬৩ভি মডেলের নতুন এলইডি মনিটর। সিনেমা স্ক্রিন ডিজাইনের এ মনিটরটি সরু ফ্রেমের। আইপিএস প্যানেলের ১৬:৯ প্রশস্ত পর্দার এ মনিটরটির ডিসপ্লে ২১.৫ ইঞ্চি, যার রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০ পিক্সেল, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড, ভিউয়িং অ্যাঙ্গেল ১৭৮ ডিগ্রি/১৭৮ ডিগ্রি, ডিজিটাল ফাইন কন্ট্রাস্ট রেশিও ১০০০০০০০:১। রয়েছে ডি-সাব, ডিভিআই-ডি, এইচডিএমআই, অডিও-ইন প্রভৃতি সংযোগ সুবিধা। দাম ১৪ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২

## বাজারে এইচপির ডুপ্লেক্স ওয়াই-ফাই প্রিন্টার



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি অফিসজেট প্রো এক্স৪৫১ মডেলের ডুপ্লেক্স ওয়াই-ফাই প্রিন্টার। প্রিন্টারটিতে রয়েছে ৫৫ পিপিএম প্রিন্টিং স্পিড, সর্বোচ্চ ১০৫০ শিট রাখার ট্রে, একসাথে ৩০০ কপি প্রিন্ট করার সুযোগ, ২ ইঞ্চি মনো গ্রাফিক্স ডিসপ্লে, ৭৯২ মেগাহার্টজ প্রসেসর, ৫১২ মেগাবাইট র‌্যাম, ২৮০০ পৃষ্ঠা পর্যন্ত মাসিক ডিউটি সাইকেল ও বিল্টইন ইথারনেট ফিচার। লেজার কোয়ালিটির এ প্রিন্টারটিতে প্রিন্টিংয়ের ক্ষেত্রে এইচপি ইপ্রিন্ট, এইচপি ইপ্রিন্ট মোবাইল অ্যাপস, গুগল ক্লাউড প্রিন্ট, এইচপি ইপ্রিন্ট ওয়্যারলেস ডিরেক্ট ও অ্যাপল এয়ারপ্রিন্ট কমান্ড ব্যবহার করা যায়। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৪৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭০৯

## ডেল ব্র্যান্ডের ২৪ ইঞ্চি এলইডি মনিটর



ডেল ব্র্যান্ডের পি২৪১৪এইচ মডেলের এলইডি মনিটর বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। ২৪ ইঞ্চি প্রশস্ত পর্দার এ এলইডি মনিটরটি আইপিএস প্যানেলের। কম স্ক্রলিং করে বড় ওয়েবপেজ বা ইমেজ দেখা যায়। মনিটরটির অপটিমাল রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও ২০০০০০০:১, রেসপন্স টাইম ৮ মিলি সেকেন্ড, ভিউয়িং অ্যাঙ্গেল ১৭৮ ডিগ্রি/১৭৮ ডিগ্রি ও ভিজিএ, ডিভিআই-ডি (এইচডিসিপি), ডিসপ্লে পোর্ট, চারটি ইউএসবি ২.০ পোর্ট প্রভৃতি সংযোগ সুবিধা বিদ্যমান। এতে ব্যবহার হয়েছে আর্সেনিকমুক্ত গ্লাস, মার্কারিমুক্ত প্যানেল, পিভিসিমুক্ত পার্টস, এনার্জি স্টার, টিসিও, ইপিইএটি গোল্ড রেটিং প্রভৃতি। মনিটরটির দাম ২৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯০৬

## মাইক্রোল্যাব হোম থিয়েটার


ন্যাচারাল শব্দের বাজেটবান্ধব হোম থিয়েটার দেশের বাজারে এনেছে কমপিউটার সোর্স। মাইক্রোল্যাব ব্র্যান্ডের এ হোম থিয়েটারে রয়েছে পাঁচটি টুইটার ও একটি সাড়ে ৬ ইঞ্চির সাব-উফার। এর সিগন্যাল নয়েজ অনুপাত ন্যূনতম ৭০ ডলবি ও আরএমএস ওয়াট ১০০। চৌম্বকীয় আকর্ষণমুক্ত হওয়ায় হোম থিয়েটারের উফার ও স্যাটেলাইটগুলো যেকোনো ধাতব অবতলেই রাখা যায়। শব্দ নিয়ন্ত্রণের জন্য রয়েছে রিমোট কন্ট্রোলার। মাইক্রোল্যাব এফসি৩৬০ মডেলের এ হোম থিয়েটারের দাম ১১ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৪১৫৫৩



## লেক্সমার্ক প্রিন্টারে শীতকালীন উপহার

লেক্সমার্ক ব্র্যান্ডের প্রিন্টার ক্রেতাদের জন্য শীতকালীন উপহার ঘোষণা করেছে কমপিউটার সোর্স। ক্রেতারা উপহার হিসেবে পাচ্ছেন একটি জ্যাকেট। বিজয়ের মাসে চালু হওয়া এ অফার জানুয়ারি মাস জুড়ে চলবে। গ্রাহকদের জন্য লেক্সমার্কের রয়েছে বাজেট ও ব্যবহারবান্ধব মাল্টিফাংশনাল ইঙ্কজেট ও লেজার ক্যাটাগরির প্রিন্টার। সাধারণ ব্যবহারকারীদের জন্য রয়েছে ওয়াই-ফাই সুবিধার মাল্টিফাংশনাল ইঙ্কজেট লেক্সমার্ক এস৪০৫, গ্রাফিক্স ডিজাইনারদের জন্য আছে নেটওয়ার্ক সুবিধার কালার লেজার প্রিন্টার লেক্সমার্ক সিএস৩১০ডিএন ও সি৫৪০এন এবং অফিস কাজের জন্য রয়েছে লেক্সমার্ক ই২৬০ডি সাদা-কালো লেজার প্রিন্টার। যোগাযোগ : ০১৭১৩৩৬৫২৪৫ ◆

## অ্যাভিরা অ্যান্টিভাইরাসের সাথে ওয়্যারলেস মাউস ও মগ উপহার



অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটির সাথে নতুন অফার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস। এ শীতে একটি অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি কিনলেই ক্রেতারা একটি ডিলাক্স ওয়্যারলেস মাউস ও একটি কফি মগ উপহার পাচ্ছেন। উল্লেখ্য, কোনো ক্রেতা মাউস ও মগের পরিবর্তে উপহার হিসেবে একটি ৮ গিগাবাইট টুইনমস পেনড্রাইভ নিতে পারবেন। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭২৩ ◆

## সরকারিভাবে নারীদের বিনামূল্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ

দেশে প্রথমবারের মতো বিনামূল্যে ২৫০ নারীকে ফ্রিল্যান্সিংয়ে ক্যারিয়ার গড়ার সুযোগ দেয়া হচ্ছে। তাদেরকে গ্রাফিক্স ও ওয়েব ডিজাইনের চার মাসের বিনামূল্যের প্রশিক্ষণ দেয়া হবে। সম্প্রতি রাজধানীর শাহবাগ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে 'নারীদের অগ্রযাত্রায় ফ্রিল্যান্সিং' শীর্ষক সংবর্ধনা অনুষ্ঠানে প্রাথমিকভাবে ১০০ নারীর হাতে এ সম্পর্কিত



কাগজ তুলে দেয়া হয়। অবশিষ্ট ১৫০ নারীকে সরকারিভাবে এ প্রকল্পের আওতায় আনা হবে বলে জানান অনুষ্ঠানের প্রধান অতিথি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান। প্রযুক্তি প্রতিষ্ঠান ক্রিয়েটিভ আইটির আয়োজনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটির প্রজেক্ট ডিরেক্টর এএনএম সফিকুল ইসলাম, ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস ইল্যান্সের বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার সাইদুর মামুন খান, ক্রিয়েটিভ আইটির ব্যবস্থাপনা পরিচালক মো: মনির হোসেন, প্রজেক্ট ম্যানেজার মো: ইকরাম, দেশের শীর্ষ নারী ফ্রিল্যান্সার ইমরাজিনা খান প্রমুখ ◆

## আসুসের চতুর্থ প্রজন্ম প্রসেসর মাদারবোর্ড



আসুসের ভ্যানগার্ড বি৮৫ মডেলের মাদারবোর্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। দ্য আল্টিমেট ফোর্স (টিইউএফ) সিরিজের এ মাদারবোর্ডটি ইন্টেল বি৮৫ চিপসেটের ও এতে ইন্টেল ১১৫০ সকেটের চতুর্থ প্রজন্মের কোরআই৭, কোরআই৫ ও কোরআই৩ প্রসেসর ব্যবহার করা যায়। এছাড়া মাদারবোর্ডটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে ৩২ জিবি পর্যন্ত ডিডিআর৩ মেমরি সাপোর্ট, মাল্টি-জিপিইউ সাপোর্ট, বিল্ট-ইন গ্রাফিক্স, গিগাবিট ল্যান, ৮ চ্যানেল অডিও, ৬টি সাটা পোর্ট, ১৪টি ইউএসবি পোর্ট প্রভৃতি। মাদারবোর্ডটির দাম ৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## বাজারে ফুজিৎসু রূপালী ল্যাপটপ



টানা ১১ ঘণ্টা ব্যাকআপ সুবিধার জাপানে তৈরি ফুজিৎসু ব্র্যান্ডের ই-সিরিজের কোরআই৫ ৩৩৪০এম প্রসেসর সমন্বিত লাইফবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। রয়েছে ৫০০ জিবি হাইব্রিড হার্ডডিস্ক, পানি নিরোধক কিবোর্ড, ৪ জিবি র‌্যাম। ফুজিৎসু লাইফবুক ই৭৩৩ মডেলের এ ল্যাপটপটিতে আরও রয়েছে বায়োস লক, হার্ডডিস্ক লক, অ্যান্টিথেফট লক স্লট, আরএফ ফিঙ্গার প্রিন্ট সেন্সর ও টিপিএম। ডকিং স্টেশন থাকায় বৈদ্যুতিক সংযোগের জন্য আলাদা পোর্ট ব্যবহারের প্রয়োজন হয় না। মাত্র ১ দশমিক ৭ কেজি ওজনের অরিজিনাল উইন্ডোজ ৮ প্রফেশনাল অপারেটিং সিস্টেমসহ ল্যাপটপটির দাম ১ লাখ ৩০ হাজার টাকা। এক বছরের বিক্রয়োত্তর সেবা ছাড়াও রয়েছে একটি ফুজিৎসু ক্যারিকেস ◆

## ২৮ হাজার ৫০০ টাকায় গ্রাফিক্স ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি ১০০০-১৪১১ এ-ইউ মডেলের ল্যাপটপ। এএমডি ডুয়ালকোর ই১-১৫০০ এপিইউ সিরিজের প্রসেসরসম্পন্ন এ ল্যাপটপটিতে রয়েছে ৫০০ গিগাবাইট হার্ডড্রাইভ, ২ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৭৩১০ মডেলের গ্রাফিক্স কার্ড, ১৪ ইঞ্চি ডায়াগোনাল এইচডি ডিসপ্লে, সুপার মাল্টি ডিভিডি বার্নার, ইন্টিগ্রেটেড ১০/১০০ বেজ টি-ইথারনেট ল্যান ও এএমডি এ৬৮এমএফসিএইচ চিপসেট। এছাড়া রয়েছে মাল্টিজেসচার সমর্থিত টাচপ্যাড, ব্লুটুথ, ওয়াই-ফাই ও ওয়েবক্যাম সুবিধা। এ বছরের বিক্রয়োত্তর সেবাসহ ল্যাপটপটির দাম ২৮ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০ ◆

## বাজারে এইচপি বিজনেস আল্ট্রাবুক



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি এলিটবুক রিভলভ ৮১০ জি১ মডেলের বিজনেস আল্ট্রাবুক। ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৫ প্রসেসরসম্পন্ন এ আল্ট্রাবুকে রয়েছে অরিজিনাল উইন্ডোজ ৭ প্রফেশনাল অপারেটিং সিস্টেম, ৮ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ১২৮ গিগাবাইট এসএসডি ও ১১.৬ ইঞ্চি হাই ডেফিনিশন রিভলভ ডিসপ্লে। আল্ট্রাবুকটির অন্যতম আকর্ষণীয় ফিচার হলো এর ডিসপ্লেটি নিজের ইচ্ছা মতো ঘুরানো যায়। দাম ১ লাখ ৩৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০ ◆

## আসুসের এনভিডিয়া চিপসেটের গেমিং গ্রাফিক্স কার্ড

আসুসের জিটিএক্স৬৫০টিআই-ওসি মডেলের গ্রাফিক্স কার্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড।




গেমারদের জন্য বাজেটসাশ্রয়ী হাই অ্যান্ড গেমিং এ গ্রাফিক্স কার্ডটিতে রয়েছে এনভিডিয়া জিফোর্স জিটিএক্স৬৫০টিআই গ্রাফিক্স ইঞ্জিন, ২ জিবি ভিডিও মেমরি, ৯৮০ মেগাহার্টজ ইঞ্জিন ক্লক, ৫৪০০ মেগাহার্টজ মেমরি ক্লক, ডিভিআই আউটপুট, এইচডিএমআই আউটপুট, ডি-সাব ইন্টারফেস ও ডুয়াল ফ্যান সুবিধা। এতে একই সাথে চারটি এইচডি ডিসপ্লে অথবা থ্রিডি সমর্থিত টিভি সংযোগ দিয়ে ব্যবহার করা যায়। আকর্ষণীয় ফিচারের মধ্যে রয়েছে পিসিআই এক্সপ্রেস ৩.০, ডিরেক্টএক্স ১১.১ সমর্থন, এনভিডিয়া সারাউন্ড প্রযুক্তি, এসএলআই প্রযুক্তি প্রভৃতি। দাম ১৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## ডি-লিংক তারহীন ইথারনেট রাউটার



বাসা কিংবা অফিসের ল্যান্ডফোন সংযোগ থেকে দ্রুতগতির ইন্টারনেট সংযোগ সুবিধা দিতে ডি-লিংক ব্র্যান্ডের রয়েছে তারহীন সংযোগ সুবিধার এডিএসএল রাউটার। ডিএসএল-২৭৩০ইউ মডেলের রাউটারটিতে রয়েছে একটি আরজে১১, চারটি আরজে৪৫ পোর্ট ও ১৫০ এমবিপিএস ডাটা স্থানান্তর সুবিধার তারহীন সংযোগ সুবিধা। এর ডাটা আপলোড গতি সেকেন্ডে ১ মেগাবিট ও ডাউনলোড গতি ২৪ মেগাবিট/সেকেন্ড। রাউটারটির মাধ্যমে ১৫ থেকে ২০ জন ব্যবহারকারি একসাথে দ্রুতগতির ইন্টারনেট ব্যবহার করতে পারেন। কমপিউটার সোর্স পরিবেশিত এ রাউটারটির দাম ৩ হাজার ১০০ টাকা। যোগাযোগ : ০১৯৩৯১৯৫৮৯ ◆

## ৯ সুবিধার ডি-লিংকের রাউটার




চলতি পথে ইন্টারনেটে সংযুক্ত থাকতে বাজারে এসেছে ফাইল শেয়ার সুবিধার দুটি নতুন পকেট রাউটার। ডি-লিংক ব্র্যান্ডের এ রাউটার দুটিতে রয়েছে ৯টি বিশেষ সুবিধা। কমপিউটার সোর্সের বাজারজাত করা রাউটার দুটির মোবাইলবান্ধব শেয়ারপোর্ট অ্যাপ ব্যবহার করে আইওএস ও অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেমচালিত ডিভাইসে মুভি, ছবি এবং ফাইল সব ডকুমেন্টই শেয়ার করা যায় খুব সহজে। রয়েছে ফায়ারওয়্যাল, ইথারনেট পোর্ট, ওয়াই-ফাই হটস্পট সুবিধা। ইউএসবি চার্জিং পোর্ট সমন্বিত ডিভাইসটিতে রয়েছে ১৭০০ মিলি অ্যাম্পিয়ার ব্যাটারি। একই সাথে মোবাইল চার্জ দেয়া, স্মার্ট টিভিতে সংযোগ তৈরি করে ভিডিও দেখা ও গেমিংয়ের কন্সোল হিসেবে কাজ করে। ডি-লিংক ডিআইআর-৫০৫ রাউটারের দাম ৩ হাজার ও ৫০৬ মডেলের থ্রিজি রাউটারের দাম ৫ হাজার টাকা ◆

## বাজারে অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৪



স্মার্ট টেকনোলজিস বাংলাদেশের বাজারে এনেছে অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৪। এ ইন্টারনেট সিকিউরিটিতে বেশ কিছু নতুন ফিচার সংযোজিত হয়েছে। ফিচারগুলো হলো– অ্যাডভান্সড রিয়েল টাইম প্রটেকশন, অ্যান্টি অ্যাড, অ্যান্টি স্পাইওয়্যার, শেয়ারড ফোল্ডার স্ক্যানিং, ব্রাউজার ট্র্যাকিং ব্লকার, ওয়েবসাইট সেফটি অ্যাডভাইজার, অ্যাডভান্সড ওয়েব প্রটেকশন, মেইল প্রটেকশন। এ সফটওয়্যারটিতে গেমারদের জন্য বিশেষ গেম মোড সংযোজন করা হয়েছে। অ্যাভিরার নতুন এ সংস্করণটি উইন্ডোজ ৮ (৩২ বিট অথবা ৬৪ বিট), উইন্ডোজ ৭ (৩২ বিট অথবা ৬৪ বিট), উইন্ডোজ এক্সপি সার্ভিস প্যাক থ্রি (৩২ বিট) ও উইন্ডোজ এক্সপি সার্ভিস প্যাক টু-এ(৬৪ বিট) কাজ করবে ◆

## আসুসের এক্স৪৫২সিপি মডেলের ল্যাপটপ



আসুসের এক্স৪৫২সিপি মডেলের নতুন নোটবুক বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। নোটবুকটিতে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৩ প্রসেসর, ১৪ ইঞ্চি ডিসপ্লে, এএমডি রেডিয়ন চিপসেটের ১ জিবি ভিডিও মেমরির গ্রাফিক্স, ৪ জিবি র‌্যাম, ডিভিডি রাইটার, ৫০০ জিবি হার্ডডিস্ক। মাত্র ২.১ কেজি ওজনের ও ৩১.৭ মিলিমিটার সরু নোটবুকটিতে সংযোগ সুবিধা পেতে রয়েছে ভিজিএ পোর্ট, দুটি ইউএসবি ৩.০ পোর্ট, এইচডিএমআই পোর্ট। এছাড়া রয়েছে গিগাবিট ল্যান পোর্ট, ওয়্যারলেস ল্যান, বিল্ট-ইন স্পিকার, সনিকমাস্টার অডিও, ওয়েবক্যাম, মেমরি কার্ড রিডার প্রভৃতি। দাম ৪১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২ ◆

## এডেটার সুদৃশ্য ইউএসবি পেনড্রাইভ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এডেটা ব্র্যান্ডের ইউভি১৫০ মডেলের নতুন ইউএসবি পেনড্রাইভ। পেনড্রাইভটি সুপারস্পিড ইউএসবি ৩.০ ইন্টারফেসের, তাই অতি দ্রুততার সাথে প্রয়োজনীয় ডকুমেন্ট, ফটো, প্রেজেন্টেশন, ভিডিও বা মিউজিক ফাইল সহজে দেয়া-নেয়া করা যায়। এর ইউএসবি ক্যাপটিকে ব্যবহারের সময় পেনড্রাইভটির পেছনে সংযুক্ত করে রাখা যায়। এ মডেলের ৮ জিবি, ১৬ জিবি ও ৩২ জিবি পেনড্রাইভগুলো পাওয়া যাচ্ছে যথাক্রমে ৬০০, ৮৫০ ও ১৭৫০ টাকায়। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪ ◆

## নারীর নিরাপত্তায় মাইক্রোসফটের অ্যাপ



নারীর নিরাপত্তা দিতে ‘গার্ডিয়ান’ নামে নতুন অ্যাপ ছেড়েছে মাইক্রোসফট। ছয় মাসেরও অধিক সময় ধরে ভারতে মাইক্রোসফটের কর্মীদের একটি দল এ অ্যাপ তৈরি করেছে। মাইক্রোসফট-আইটি ইন্ডিয়ার ব্যবস্থাপনা পরিচালক রাজ বিয়ানী জানান, প্রযুক্তি জায়ান্টটি ‘নির্ভয়া’ নামে ‘গার্ডিয়ান’ অ্যাপটির প্রচারণা চালাচ্ছে। এর প্রধান লক্ষ্য নারীদের রক্ষা করা। গার্ডিয়ান ‘ট্র্যাক মি’ ফিচার চালুর মাধ্যমে ব্যবহারকারীদের তাদের বন্ধু ও পরিবারের সদস্যদের রিয়েল টাইম ট্র্যাকিং সুবিধা দেবে। ফলে প্রিয়জনেরা জানতে পারবেন ওই ব্যবহারকারী কোথায় আছেন। এছাড়া গার্ডিয়ান ব্যবহারকারীরা ‘এসওএস’ নামের সতর্ক বাটন চেপে মুহূর্তেই নিরাপত্তা বাহিনী, পুলিশ ও হাসপাতালে কল করতে পারবেন। এমনকি অ্যাপটি ব্যবহারকারীর ফোন ভেঙে গেলেও নিরাপত্তা কর্তৃপক্ষ ও মেডিক্যাল টিম ট্র্যাক করতে পারবে। এছাড়া অ্যাপটিতে ভিডিও রেকর্ডিং সুবিধা রয়েছে ◆

## ব্রাদারের অল ইন ওয়ান মনো লেজার প্রিন্টার



ব্রাদার ব্র্যান্ডের এমএফসি-১৫১০ মডেলের অল ইন ওয়ান মনো লেজার প্রিন্টার বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। প্রিন্টারটি একাধারে প্রিন্টার, কপিয়ার ও স্ক্যানার হিসেবে কাজ করে। এর প্রিন্টের সর্বোচ্চ গতি মিনিটে ২০ পৃষ্ঠা, প্রিন্ট রেজ্যুলেশন ২৪০০ বাই ৬০০ ডিপিআই ও রয়েছে ১৫০ পৃষ্ঠা ধারণক্ষম পেপার ট্রে। এছাড়া ইউএসবি ২.০ ইন্টারফেসের এ ডিভাইসটির স্ক্যানারের অপটিক্যাল স্ক্যান রেজ্যুলেশন ৬০০ বাই ১২০০ ডিপিআই। দাম ১১ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০ ◆

## ১১০ ইঞ্চির টিভি আনছে স্যামসাং

শীর্ষ ইলেকট্রনিক্স পণ্য প্রস্তুতকারক কোম্পানি স্যামসাং ১১০ ইঞ্চির বিশাল আকারের টিভি বাজারে এনেছে। এটি ফ্লোটিং প্যানেলের নকশা সমন্বিত ফোরকে ডিসপ্লের টেলিভিশন। কোম্পানিটি এর আগে ৮৫ ইঞ্চির টিভি বানিয়েছিল। এরই




ধারাবাহিকতায় বড় আকারের টিভি তৈরি করল কোম্পানিটি। ১১০ ইঞ্চি টিভিটির প্রস্থ ২.৬ মিটার ও দৈর্ঘ্য ১.৮ মিটার, যা বড় আকারের একটি বিছানা থেকেও বড়। এর দাম সম্পর্কে কোনো তথ্য প্রকাশ করেনি স্যামসাং। তবে ৮৫ ইঞ্চি টিভির দাম ৪০ হাজার ডলার (২৫ হাজার পাউন্ড)। ১১০ ইঞ্চি টিভির পর্দা মেটাল ফ্রেমে ফ্লোটিং বা ঝুলন্ত। এছাড়া সহজে এটিকে পেছনের ফ্রেমে ঝুলিয়ে রেখে উপভোগ করা যাবে। সোশ্যাল মিডিয়া অ্যাপসের জন্য আছে স্মার্ট হাব ◆

## ডেল ইন্সপায়রন এন৫৪৩৭ মডেলের ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ডেল ব্র্যান্ডের ইন্সপায়রন সিরিজের এন৫৪৩৭ মডেলের ল্যাপটপ। ইন্টেল ফোর্থ জেনারেশন কোরআই৫ প্রসেসর সংবলিত এ ল্যাপটপে রয়েছে ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৫০০ গিগাবাইট হার্ডড্রাইভ, ইন্টেল এইচডি গ্রাফিক্স ও ১৪ ইঞ্চি এইচডি ডিসপ্লে। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ সিলভার কালারের এ ল্যাপটপটির দাম ৫৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭২৫ ◆

## এইচপির শীতকালীন অফার



শুরু হয়েছে ‘এইচপি উইন্টার বোনাঞ্জা’ অফার। এ শীতে এইচপি ব্র্যান্ডের কোরআই৫ থেকে কোরআই৭-এর যেকোনো মডেলের ল্যাপটপ কিনলেই ক্রেতারা পাচ্ছেন একটি এইচপি ১০০০ মডেলের প্রিন্টার। এছাড়া অন্য যেকোনো মডেলের ল্যাপটপে ক্রেতারা পাবেন একটি করে ৮০০ টাকার গিফট ভাউচার। এ অফার ১৭ জানুয়ারি অথবা স্টক থাকা পর্যন্ত চলবে। ক্রেতারা ঢাকা ও ঢাকার বাইরে স্মার্ট টেকনোলজিসের যেকোনো শাখা এবং সুনির্দিষ্ট উপহার বিতরণ কেন্দ্র থেকে উপহার গ্রহণ করতে পারবেন। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০ ◆